

মাহেশ শ্রীরামকৃষ্ণ আশ্রম

ভিত্তি সমীক্ষা পত্র

চতুর্থ শ্রেণি - ২০২৬

বিষয় - বাংলা, ইংরেজি, গণিত, পরিবেশ ও সাধারণ জ্ঞান

সময় - ২ ঘণ্টা ৩০ মিঃ

পূর্ণমান - ৯০

বাংলা : পূর্ণমান - ১৮

১। নীচের লেখাটি পড়ে প্রশ্নগুলির উত্তর দাও :

$1 \times 6 = 6$

ঈশপের নাম শুনেনি এমন মানুষ খুব বেশি নেই। ধরো সেই যে খরগোশ, আর কচ্ছপের গল্পটা - অহংকারী খরগোশ, কচ্ছপের জেদ আর নিষ্ঠার কাছে দৌড় প্রতিযোগিতায় কেমন হেরে গিয়েছিল। এমন চমৎকার গল্প যার রচনা, কে ছিলেন সেই মানুষটি? প্রাচীন গ্রীস দেশের এই মানুষটি ছিলেন একজন ক্রীতদাস। তার চেহারা সুন্দর ছিল না। তা নিয়ে তাকে অনেক উপহাসও শুনতে হতো। তবে মানুষ হিসেবে তিনি ছিলেন অতি জ্ঞানী। তার আশেপাশে সমস্ত লোকজনের আচার ব্যবহার খুব খুঁটিয়ে লক্ষ করতেন। তারপর তাদেরই দোষ আর গুণ দিয়ে বানাতেন গল্প। কিন্তু তার গল্পের চরিত্রগুলি অধিকাংশ ক্ষেত্রেই পশুপাখি। আসলে পশুপাখির কাহিনীর ছদ্মবেশে মানুষের কথাই লিখেছেন ঈশপ।

ক) ঈশপ কে ছিলেন?

খ) অধিকাংশ ক্ষেত্রে ঈশপের গল্পের চরিত্র কারা?

গ) ঈশপকে উপহাস শুনতে হতো কেন?

ঘ) কচ্ছপের কি গুণ ছিল?

ঙ) মানুষ হিসাবে ঈশপ কেমন ছিলেন?

চ) ইশপ, তাঁর লেখা গল্পের বিষয় বস্তু কোথা থেকে পেতেন?

২। অর্থ বা মানে লেখ:

$1 \times 2 = 2$

ক) উদাস _____

খ) ডাগর _____

৩। বিপরীত শব্দ লেখ:

$1 \times 2 = 2$

ক) শান্তি _____

খ) লজ্জা _____

৪। বাক্য রচনা কর:

$1 \times 2 = 2$

ক) পালকি _____

খ) পাগড়ি _____

৫। ধনি ও বর্ণের পার্থক্য কি?

২

৭। 'সাইকেল' বিষয় চারটি বাক্য লেখো।

$1 \times 8 = 8$

ইংরেজি : পূর্ণমান - ১৮

1 | Read the passage below and then answer the following questions in full sentence:

নীচের লেখাটি পড়ে, তারপরে দেওয়া প্রশ্নগুলির উত্তর ইংরাজিতে পূর্ণবাক্যে লেখো:

$1 \times 8 = 8$

The world around is green with trees. Trees are our best friends. Trees are of many kinds. Some are big. Some are small. Like us, a tree also has life. It has roots. Roots go deep into the soil. They help a tree to draw water and provide strong support.

Do you know, trees can make their own food? With the help of sunrays, trees make their food in their leaves. The branches carry food to the different parts of a tree.

A.

i) Does a tree have life?

ii) Where do trees make their food?

iii) Which part of the tree carries food to its different parts?

iv) Which part of the tree draws water?

B. নীচের শব্দগুলির বিপরীত শব্দ উপরের লেখাটি থেকে খুঁজে নিয়ে লেখো :

$1 \times 2 = 2$

i) Same _____

ii) Shallow _____

2। Table 'A' এর সাথে Table 'B' দাগ টেনে মেলাও:

$1 \times 5 = 5$

Table 'A'		Table 'B'
a	Tree	Chemicals
b	Farmer	Pollution
c	Factory	Rain
d	Snow	Crop
e	Garbage	Mountain

3। নীচের বাংলা শব্দগুলির ইংরেজি প্রতিশব্দ ইংরেজিতে লেখো:

$1 \times 3 = 3$

a) অঙ্গুত _____

b) তলপেট _____

c) জলবায়ু _____

4। নীচের প্রশ্নগুলির উত্তর ইংরেজিতে, পূর্ণবাক্যে লেখো:

$2 \times 2 = 8$

ক) How do you go to school?

খ) Why do we need water?

গণিত : পূর্ণমান - ১৮

১। নীচের প্রশ্নগুলির উত্তরটি লেখো :

$$2 \times 2 = 8$$

ক) মৌলিক সংখ্যা কাকে বলে? উদাহরণ দাও।

খ) গুণিতক কাকে বলে? উদাহরণ দাও।

২। শূন্যস্থান পূরণ করো :

$$\mathfrak{J} \times \mathfrak{C} = \mathfrak{C}$$

ক) ঘড়ির কাটা দিক থেকে দিকে ঘোরে।

6) 8 ÷ 0 =

গ) ১২ টাকা ৭ পয়সা = টাকা।

ঘ) দৈর্ঘ্য পরিমাপের মূল একক _____ ।

ঙ) ক্ষুদ্রতম যৌগিক সংখ্যা হলো _____ ।

৩। নীচের সমস্যাগুলি কয়ে সমাধান করো :

$3 \times 3 = 9$

ক) তোমাদের বাড়ি থেকে কোলকাতা ৪৮০ কিমি দূরে। তুমি সমস্ত পথের সমান ১২ ভাগের ১ ভাগ বাসে এলে ও বাকি পথ ট্রেনে এলে। তুমি কত পথ বাসে ও কত পথ ট্রেনে এলে?

খ) একটি ঝুড়িতে ১৬ টি আম ধরে। ২৯৮ টি আম রাখতে কতগুলি ঝুড়ি লাগবে?

গ) রাম, শ্যাম, যদু ও মধুর মধ্যে ১৮৬ টা টফি ভাগ করে দেওয়ার পর যতগুলি বাড়তি হলো তা মধুকে দিয়ে দেওয়া হল। মধু কতগুলি টফি পেল?

১। সঠিক উত্তরের নীচের দাগ দাও:

$1 \times 8 = 8$

- ক) চোখের ময়লা পরিষ্কার করতে হয় – ব্রাশ / চিমটা / জল দিয়ে।
- খ) ফুলকপি হল – ফুল / কুঁড়ি / পাতা।
- গ) উল বা পশম তৈরি হয় – ভেড়ার / গোরুর / কুকুরের লোম দিয়ে।
- ঘ) ভূমিকম্প প্রবন্ধনে - মাটির বাড়ি / ইট-বালি-সিমেন্টের / কাঠের বাড়ি।
- ঙ) চাকরির কারনে মানুষের – ব্যবসা / ঠিকানা বদলায়।
- চ) অমাবস্যার রাতে পরিষ্কার মেঘমুক্ত আকাশে –
চাঁদ থাকে, তারা থাকে না / চাঁদ থাকে না, তারা থাকে/ চাঁদ ও তারা দুটোই থাকে না।
- ছ) জল, বাতাস, মাটি হলো – মানুষের সম্পদ / প্রাকৃতিক সম্পদ / খনিজ সম্পদ।
- জ) মাটির নীচের জল তোলা সহজ, কিন্তু মাটির নীচে জল পাঠানো – সহজ / সহজ নয় / সন্তুষ্ট নয়।

২। নীচের প্রশ্নগুলির উত্তর লেখো:

$2 \times 5 = 10$

- ক) কৃষিসম্পদ কাকে বলে?
-
-
-

- খ) মেঘ কিভাবে বাতাসে ভেসে বেড়ায়?
-
-
-

গ) লুপ্ত জীবিকা কাকে বলে?

ঘ) হাঁটু না থাকলে আমাদের কি অসুবিধা হত?

ঙ) চাঁদ কোনদিকে ওঠে?

সাধারণ জ্ঞান : পূর্ণমাস - ১৮

১। নীচের প্রশ্নগুলির উত্তর লেখো:

$1 \times 18 = 18$

ক) 'বসু বিজ্ঞান মন্দির' – কে প্রতিষ্ঠা করেন?

খ) কোন গাছ একবার ফল ও ফুল দেয়?

গ) রাজ্যের প্রধানকে কি বলে?

ঘ) শ্রী শ্রী মা সারদার পিতার নাম কি ?

ঙ) 'শিশু ভোলানাথ' বইটি কার লেখা?

চ) উত্তর আকাশের সবচেয়ে উজ্জ্বল ও স্থির তারাটির নাম কি?

ছ) শ্রী শ্রী রামকৃষ্ণদেব কত বছর বয়সে কোলকাতা আসেন?

জ) ভারতের জাতীয় পতকার সবচেয়ে নীচের রঙটি কি ?

ঘ) থার্মোমিটারে থাকা চকচকে পদার্থটির নাম কি?

ঞ) হৃগলী জেলার সদর শহরের নাম কি?

ট) 'লোকমাতা' নামে পরিচিতা কে?

ঠ) বেদব্যাসের লেখা মহাকাব্যের নাম কি?

ড) 'সতীদাহ প্রথা' কার প্রচেষ্টায় বন্ধ হয়?

ঢ) ভারতের বর্তমান রাষ্ট্রপতির নাম কি?

ণ) রামচন্দ্র কত বছরের জন্য বনবাসে গিয়েছিলেন ?

ত) কার জন্মদিনে 'জাতীয় যুব দিবস' হিসাবে পালিত হয়?

থ) শ্রী শ্রী মা সারদাদেবীকে কে 'জ্যান্ত দুর্গা' বলতেন?
